



### সংবাদ বিজ্ঞপ্তি

#### **নোবিপ্রবিতে ‘স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক’ সেমিনার অনুষ্ঠিত**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষক ও কর্মকর্তাদের অংশগ্রহণে ‘স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক’ দিনব্যাপী সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (২৮ নভেম্বর ২০২৩) বিশ্ববিদ্যালয়ের বীর মুক্তিযোদ্ধা হাজী মোহাম্মদ ইদ্রিস অডিটোরিয়ামে ইনসিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সেমিনার কক্ষে এ সেমিনার অনুষ্ঠিত হয়। আইকিউএসি আয়োজিত সেমিনার অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর। নোবিপ্রবি আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. ফিরোজ আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে মূল বক্তা হিসেবে ছিলেন ‘স্মার্ট বাংলাদেশ’ এর কমপোনেন্ট লীড ফার্মক আহমেদ জুয়েল। প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবি কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, আইআইটি পরিচালক ও এপিএ টিম লিডার অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম হোসেন, আইকিউএসি পরিচালক ও মাইক্রোবায়োলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. ফিরোজ আহমেদ। অনুষ্ঠানের সঞ্চালনায় ছিলেন আইকিউএসি’র অতিরিক্ত পরিচালক জনাব মোঃ মুহাইমিনুল ইসলাম সেলিম।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, ‘আগে আমরা স্মার্টনেস বলতে বুঝতাম কাজে-কর্মে, কথা-বার্তায়, পোশাক-পরিচ্ছন্দে কথানি সক্রিয়, আর এখন স্মার্টনেস বলতে বুঝি কথানি সময় বাঁচিয়ে, ভুলক্রটি কমিয়ে কাজ করা যায়। জাতির পিতার সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের স্বপ্ন দেখেন। স্মার্ট হতে হবে নৈতিকতায়। সততা থাকলে তবেই পরিপূর্ণ স্মার্ট হওয়া সম্ভব। নিজেদের দায়িত্ব ঠিকমতো পালন করতে হবে। ডিজিটাল প্রযুক্তি ও যন্ত্রপাতির ব্যবহার শিখতে হবে। সেমিনারে অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।’

বিশেষ অতিথির বক্তব্যে সেমিনারে অংশগ্রহণকারী সকলকে শুভেচ্ছা জানান নোবিপ্রবি উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী। এ সময় তিনি বলেন, ‘আমরা কি কখনো ভেবে দেখেছি কেন আগে আমরা ডিজিটাল বাংলাদেশ বলতাম আর এখন স্মার্ট বাংলাদেশ বলি? মাননীয় প্রধানমন্ত্রী স্মার্ট বাংলাদেশের সিদ্ধান্ত নিয়েছিলেন বলেই আজ আমরা পদ্ধাসেতু সহ অন্যান্য মেগা প্রকল্পের সুফল ভোগ করছি। আমি আশা করবো শিক্ষা এবং স্বাস্থ্য এই দুটি ক্ষেত্রকে সরকার আরো বেশি গুরুত্বের সাথে দেখবে। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।’

বিশেষ অতিথি নোবিপ্রবি কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর বলেন, ‘মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ নির্মাণ করতে হলে শিক্ষা ব্যবস্থাকে স্মার্ট করতে হবে। বিশ্ববিদ্যালয় স্মার্ট না হলে বাংলাদেশ স্মার্ট হবেনা। বিশেষ উন্নয়নের সাথে আমাদের খাপ খাওয়াতে হবে। আজকের এই সেমিনারের সাফল্য কামনা করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।’ সেমিনারে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ অংশ নেন।

*R. Kamal*

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।